


# বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার



বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার

বিজয় সরণি, তেজগাঁও, ঢাকা-১২১৫

# বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার

বিজয় সরণি, তেজগাঁও, ঢাকা-১২১৫

## ১.০ সংক্ষিপ্ত ইতিহাস

দেশের সকল নাগরিক ও শিক্ষার্থীকে বিনোদনের মাধ্যমে মহাকাশ বিজ্ঞান সম্পর্কে সঠিক ধারণা ও তথ্য প্রদান এবং মহাকাশ বিজ্ঞান শিক্ষায় উদ্বৃক্ত করার লক্ষ্যে ১৯৯৬ সালে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশে দেশে প্ল্যানেটেরিয়াম প্রতিষ্ঠার উদ্যোগ গ্রহণ করা হয়। বিগত ১৩ মার্চ ১৯৯৭ তারিখ অনুষ্ঠিত জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক)-এর সভায় ঢাকার বিজয় সরণি এলাকায় ৫.৪৬ একর জমির ওপর ১২৩ কোটি টাকা ব্যয়ে “বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার” শীর্ষক প্রকল্পটি বাস্তবায়নের জন্য অনুমোদিত হয় এবং ০৯ ফেব্রুয়ারি, ২০০০ তারিখ মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা “বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার”-এর ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। প্রকল্পটি ৩০ জুন, ২০০৪ তারিখ বাস্তবায়িত হয়।

নভোথিয়েটারে ৫তলাবিশিষ্ট মূল ভবনসহ প্রায় ২০ হাজার বর্গমিটার স্থান রয়েছে। এখানে অত্যাধুনিক প্রযুক্তিতে তৈরি ২৭৫ আসনবিশিষ্ট প্ল্যানেটেরিয়াম হল, 5D Movie Theatre, ৩০টি এক্সিবিটস নিয়ে ১টি গ্যালারী, 5D Interactive Edutainment Simulator, অত্যাধুনিক সুযোগ-সুবিধাসংবলিত ১৫০ সীটের অডিটোরিয়াম ও ৫০ সীটের কনফারেন্স রুম, ১০০টি গাড়ি পার্কিং এর ব্যবস্থা রয়েছে। এছাড়া, এখানে রয়েছে পরমাণু শক্তি তথ্য কেন্দ্র, ঘার মাধ্যমে পারমাণবিক বিদ্যুৎ বিষয়ে জনসচেতনা সৃষ্টি, শিক্ষার্থীদের মাঝে পরমাণু শিক্ষা সম্পর্কে আগ্রহ সৃষ্টি এবং পারমাণবিক বিদ্যুৎ বিষয়ে নাগরিক ও শিক্ষার্থীদের অহেতুক ভীতি দূরীকরণ ও সঠিক ধারণা প্রদান করা হয়। উদ্বোধনের পর থেকে নিয়মিতভাবে সপ্তাহে ৬ দিন নভোথিয়েটারে বিভিন্ন প্রদর্শনী প্রদর্শন করা হয়।

গত ১৮ মার্চ ২০১০ তারিখ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার আইন, ২০১০ মহান জাতীয় সংসদে পাস হয় এবং উক্ত আইনের আওতায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার একটি সংবিধিবক্ত সংস্থা হিসাবে স্থাপিত লাভ করে।



মহাকাশবিষয়ক প্রদর্শনী



5D মুভি থিয়েটার



5D ইন্টারেক্টিভ এডুকেশনেল সিমুলেটর

## ২.০ ভিত্তি

মহাকাশ বিজ্ঞানের দিগন্ত উন্মোচনের মাধ্যমে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারকে দেশের বিজ্ঞান শিক্ষায় একটি উৎকর্ষতাৰ কেন্দ্ৰে পৱিণ্ট কৰা

## ২.০ মিশন

বিনোদনমূলক শিক্ষার মাধ্যমে জনমনে বিজ্ঞান সম্পর্কে ইতিবাচক ধাৰণা প্ৰোগ্ৰাম, স্থি-ডি, টেলিকোপ, বিভিন্ন সাইন্টিফিক ও ডিজিটাল এক্সিবিটস প্ৰদৰ্শনী, মহাকাশ সম্পর্কিত গবেষণা ইত্যাদিৰ মাধ্যমে ভবিষ্যৎ প্ৰজন্মকে বিজ্ঞান ও প্ৰযুক্তি শিক্ষায় উৎসাহী কৰে তোলা।

## ৪.০ সাংগঠনিক কাঠামো ও জনবল

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারে অনুমোদিত ৬৩টি পদেৰ মধ্যে বৰ্তমানে একজন মহাপৰিচালকসহ ৪৯ জন কৰ্মকৰ্তা-কৰ্মচাৰি কৰ্মৱত আছে।

## ৫.০ প্ৰধান কাৰ্যাবলি

- মহাকাশবিষয়ক অপটো-মেকানিক্যাল ও ডিজিটাল ছবি প্ৰদৰ্শনী পৱিচালনা;
- বিভিন্ন সায়েন্টিফিক ও ডিজিটাল এক্সিবিট-এৰ বৈজ্ঞানিক দিকসমূহ জনগণেৰ কাছে বিশেষত শিক্ষার্থীদেৰ কাছে সহজবোধ্যভাৱে উপস্থাপন;
- অ্যাস্ট্ৰোভিজন শো এবং ফিল্ম আধুনিকায়ন, পৱিবৰ্তন ও যুগোপযোগীকৰণ;
- জ্যোতিৰ্বিজ্ঞানেৰ নতুন নতুন তথ্য ও চিত্ৰ সংগ্ৰহ ও সংৱৰ্ষণ এবং প্ৰাপ্ত তথ্য সম্পর্কে নিয়মিত সেমিনাৰ, সিস্পোজিয়ামেৰ আয়োজন কৰে দেশেৰ জনগণ তথা দেশেৰ ছাত্ৰ সমাজকে অবহিতকৰণ;
- সায়েন্টিফিক লাইব্ৰেরি স্থাপন কৰে জ্যোতিৰ্বিজ্ঞানবিষয়ক বিভিন্ন তথ্য ও চিত্ৰ, সাময়িকী, বই-পুস্তক সংৱৰ্ষণ ও প্ৰদৰ্শনেৰ ব্যবস্থাকৰণ;
- নভোথিয়েটারেৰ যাবতীয় কৰ্মকাণ্ড সম্পর্কে প্ৰতিপত্রিকা, ৱেডিও, টেলিভিশন অন্যান্য মিডিয়াৰ মাধ্যমে জনগণকে অবহিত ও আকৃষ্ট কৰা এবং ৱোশিয়াৰ, লিফনেট ও বিজ্ঞাপন প্ৰকাশেৰ মাধ্যমে স্কুল-কলেজসহ বিভিন্ন শিক্ষা প্ৰতিষ্ঠানেৰ সাথে যোগাযোগ নেটওয়াৰ্ক গড়ে তোলা;
- স্পেস রাইড সিমুলেটোৱ, স্থি-ডি মুভি এবং অন্যান্য অত্যাধুনিক যন্ত্ৰপাতি বা সৱজ্ঞামেৰ মাধ্যমে বিজ্ঞানভিত্তিক ও জ্ঞান বিকাশে সহায়ক সুস্থ বিনোদনেৰ ব্যবস্থা কৰা; এবং
- মহাকাশবিষয়ক গবেষণার মাধ্যমে নভোথিয়েটারকে Centre of Excellence-এ পৱিণ্ট কৰা।


## ৬.০ আয়-ব্যয় সংক্রান্ত তথ্য

অংকসমূহ লক্ষ টাকায়

অৰ্থবছৰ	নিজস্ব আয়	সৱকাৰি বৱাদ	মোট আয়	মোট ব্যয়	উদ্ধৃত
২০১১-২০১২	১০১.৭৭	২৮২.৩০	৩৮৪.০৭	১৭৬.০৬	২০৮.০১
২০১২-২০১৩	১০০.৭৮	২২০.০০	৩২০.৭৮	২১২.৮৩	১০৮.৩১
২০১৩-২০১৪	১০৮.০৫	২৭৩.৫১	৩৭৭.৫৬	৩৫৫.৬৪	২১.৯২
২০১৪-২০১৫	১৮৫.৮০	৬১২.২০	৮৭৮.০০	৭৬৭.৭৫	১১০.২৫
২০১৫-২০১৬	২১৯.৬০	৩০৭.৫০	৫২৭.১০	৩৩৬.৩৫	১৯০.৭৫
২০১৬-২০১৭	২৩৮.৮৮	৮৫২.০০	১০৯০.৮৮	৫৯১.০০	৯৯.৮৮
২০১৭-২০১৮	২২৬.৭৭	৫৪০.০০	৭৬৬.৭৭	৬৮৫.৬৭	৮১.১০
২০১৮-২০১৯	১৫৩.০১	৬১৫.৯৮	৭৬৮.৯৯	৬২৮.৮৮	১৪০.৫১

## ৭.০ উন্নয়নমূলক কার্যক্রম

- বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারকে আধুনিকায়ন এবং যুগোপযোগী করার জন্য বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার শক্তিশালীকরণ প্রকল্প গ্রহণ করা হয়। উক্ত প্রকল্পের মাধ্যমে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাংলি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ঐতিহাসিক জীবন সংগ্রামের উপর ৩০ মিনিট ব্যাপ্তি একটি ডিজিটাল ফিল্ম নির্মাণ করা হয়। এছাড়া, প্ল্যানেটেরিয়ামে ডিজিটাল প্রজেকশন সিস্টেম স্থাপন, প্ল্যানেটেরিয়ামের বিদ্যমান অপটো-মেকানিক্যাল সিস্টেমকে আপগ্রেডকরণ, মহাকাশবিষয়ক ৫টি ডিজিটাল ফিল্ম সংগ্রহ, ২টি নতুন অ্যাডভেঞ্চার ফিল্ম সংগ্রহ, ৪০ আসন বিশিষ্ট অত্যাধুনিক ৫-ডি মুভি থিয়েটার স্থাপন, ১৪টি সারেন্টিফিক এবং ১৬টি ডিজিটাল এক্সিবিট স্থাপন এবং ডিজিটাল টিকেটিং সিস্টেম স্থাপন করা হয়।
- সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাংলি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ঐতিহাসিক জীবন সংগ্রামের ওপর নির্মিত ডিজিটাল ফিল্মটি মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক উদ্বোধনের পর নিয়মিত প্রদর্শন করা হচ্ছে। এতে করে বাংলাদেশের জনগণ বিশেষ করে শিক্ষার্থীগণ সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাংলি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ঐতিহাসিক জীবন সংগ্রাম সম্পর্কে জানতে পারছে।



সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাংলি ও স্বাধীনতার স্মৃতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ঐতিহাসিক জীবন সংগ্রামের ওপর নির্মিত ৩০ মিনিটের ডিজিটাল ফিল্ম উদ্বোধন অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা

- বৃপ্তপূর্ব পরমাণবিক বিদ্যুৎ কেন্দ্র প্রকল্প স্থাপন প্রক্রিয়ায় দেশের জনগণকে পরমাণু বিদ্যুৎ সম্পর্কে সঠিক ধারণা প্রদানের উদ্দেশ্যে নভোথিয়েটারে অত্যাধুনিক ৩-ডি প্রযুক্তিসমূক্ত দেশের একমাত্র Nuclear Industry Information Centre স্থাপন।

## ৭.১ বিভাগীয় শহরে নভোথিয়েটার স্থাপন


- বঙ্গবন্ধু নভোথিয়েটার স্থাপন রাজশাহী, প্রকল্পটি জুলাই ২০১৭ হতে জুন ২০২০ মেয়াদে বাস্তবায়নের কাজ চলছে। স্থাপত্য অধিদপ্তর কর্তৃক প্রণয়নকৃত নকশাটি (ষ্ট্রি-ডি মডেল) মাননীয় প্রধানমন্ত্রী অনুমোদন করেছেন।
- বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার, রাজশাহী শীর্ষক প্রকল্পটির ভৌত অবকাঠামো নির্মাণ কাজ এগিয়ে চলছে। প্রকল্পের কর্মপরিকল্পনা অনুযায়ী নির্ধারিত সময়ে প্রকল্পটি সুষ্ঠু ও সুন্দরভাবে বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হয়েছে। প্রগতি রোডম্যাপ অনুযায়ী কার্যসম্পাদনের জন্য নিয়মিত মনিটরিং অব্যাহত রয়েছে। আশা করা যাচ্ছে আগামী জুন ২০২১ সালের মধ্যে প্রকল্পের কাজ সম্পন্ন করা সম্ভব হবে।
- বরিশাল বিভাগে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার স্থাপন করার জন্য বরিশাল সদর উপজেলাধীন চরআইচা মৌজায় একনে ১০ একর জমি সংরক্ষণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করাসহ প্রশাসনিক আদেশ জারী করা হয়েছে। প্রকল্পের ডিপিপি অনুমোদনের জন্য পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। একনেকে ডিপিপি অনুমোদনের পর আগামী জুন ২০২১ সালের মধ্যে প্রকল্পের কাজ সম্পন্ন করা সম্ভব হবে বলে আশা করা যাচ্ছে।

- বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার খুলনা স্থাপনের ফিজিবিলিটি স্ট্যাডি সম্পন্ন করা হয়েছে। গণপূর্ত অধিদপ্তরের নির্মাণ ও পূর্ত কাজের রেইট সিডিউল অনুসারে ডিপিপি প্রগ্রাম করে জনবল নির্ধারনের জন্য অর্থ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। আগামী জুন ২০২২ সালের মধ্যে প্রকল্পের কাজ সম্পন্ন করা সম্ভব হবে বলে আশা করা যাচ্ছে।
- রংপুর বিভাগের বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার স্থাপনের সম্ভাব্যতা যাচাই সম্পন্ন হয়েছে। গণপূর্ত অধিদপ্তরের নির্মাণ ও পূর্ত কাজের রেইট সিডিউল অনুসারে ডিপিপি প্রগ্রাম করা হয়েছে। অর্থ মন্ত্রণালয় হতে জনবলের অনুমোদন পাওয়া গেছে। অনুমোদিত জনবলের আলোকে ডিপিপি প্রগ্রাম করে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হবে। একনেক অনুমোদনের পর গণপূর্ত অধিদপ্তর কর্তৃক উক্ত প্রকল্পটির ভৌত অবকাঠামো নির্মাণ করা হবে। আগামী জুন ২০২২ সালের মধ্যে প্রকল্পের কাজ সম্পন্ন করা সম্ভব হবে বলে আশা করা যাচ্ছে।
- সিলেট নভোথিয়েটার স্থাপনের লক্ষ্যে সম্পাদিত ফিজিবিলিটি স্ট্যাডি রিপোর্ট এবং গণপূর্ত অধিদপ্তরের পূর্ত কাজের প্রাকলন পাওয়া গেছে। ঢাকাস্থ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের আদলে পার্ক, ডরমেটরি, রেস্টোরার সংস্থান রেখে নকশা প্রণয়ন করে প্রেরণের জন্য স্থাপত্য অধিদপ্তর বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। নভোথিয়েটারের স্থান পরিবর্তনের বিষয়ে নভোথিয়েটারের মহাপরিচালক, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব এবং নভোথিয়েটারের কারিগরী কমিটির সম্মানীত সদস্যগণ ২৭-২৯ সিলেট সফর করেন। প্রস্তাবিত স্থানগুলি পরিদর্শন করা হয়। সফরকালীন সময়ে বিভাগীয় কমিশনারসহ স্থানীয় প্রশাসনের সাথে আলোচনা করে সকলের সম্মতিক্রমে পুর্বের নির্ধারিত স্থানে নভোথিয়েটার স্থাপনের বিষয়ে সিদ্ধান্ত হয়। গণপূর্ত অধিদপ্তরের নির্মাণ ও পূর্ত কাজের রেইট সিডিউল অনুসারে ডিপিপি প্রগ্রাম করা হচ্ছে। একনেক অনুমোদনের পর গণপূর্ত অধিদপ্তর কর্তৃক উক্ত প্রকল্পটির ভৌত অবকাঠামো নির্মাণ করা হবে। আগামী জুন ২০২৩ সালের মধ্যে প্রকল্পের কাজ সম্পন্ন করা সম্ভব হবে বলে আশা করা যাচ্ছে।
- চট্টগ্রাম বিভাগে নভোথিয়েটার স্থাপনের ফিজিবিলিটি স্ট্যাডি সম্পন্ন করা হয়েছে। ঢাকাস্থ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের আদলে পার্ক, ডরমেটরি, রেস্টোরার সংস্থান রেখে স্থাপত্য অধিদপ্তর কর্তৃক নকশা প্রণয়ন করা হয়েছে। গণপূর্ত অধিদপ্তর কর্তৃক পূর্ত কাজের প্রাকলন এবং স্থাপত্য অধিদপ্তর হতে প্রাপ্ত নকশা অনুযায়ী ডিপিপি প্রগ্রাম করে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। একনেক অনুমোদনের পর গণপূর্ত অধিদপ্তর কর্তৃক উক্ত প্রকল্পটির ভৌত অবকাঠামো নির্মাণ করা হবে। আগামী জুন ২০২৩ সালের মধ্যে প্রকল্পের কাজ সম্পন্ন করা সম্ভব হবে বলে আশা করা যাচ্ছে।
- ময়মনসিংহ বিভাগে নভোথিয়েটার স্থাপনের লক্ষ্যে নগর উন্নয়ন অধিদপ্তরের Master Plan এ নভোথিয়েটারের জন্য ১০.০০ একর জমি নির্ধারণ করা আছে। সম্ভাব্যতা যাচাই কাজের রিপোর্ট পাওয়া যাবে। স্থাপত্য অধিদপ্তরের নকশা এবং গণপূর্ত অধিদপ্তরের প্রাকলন পাওয়া গেলে ডিপিপি প্রগ্রাম করে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। একনেক অনুমোদনের পর গণপূর্ত অধিদপ্তর কর্তৃক উক্ত প্রকল্পটির ভৌত অবকাঠামো নির্মাণ করা হবে। আগামী জুন ২০২৫ সালের মধ্যে প্রকল্পের কাজ সম্পন্ন করা সম্ভব হবে বলে আশা করা যাচ্ছে।

## ৭.২ অন্যান্য কার্যক্রম

- বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের কার্যক্রম প্রচারের জন্য নভোথিয়েটারের সম্মুখে ডিজিটাল ডিসপ্লে মেসেজ বোর্ড স্থাপন করা হয়েছে। ফলে আগত দর্শনার্থীরা সহজেই নভোথিয়েটার সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাদি জানতে পারছেন।
- নভোথিয়েটারের সকল প্রদর্শনীর টিকেট বুকিং এর জন্য নির্ধারিত ফরমে অনলাইন এপ্লিকেশন সিস্টেম চালু করা হয়েছে।
- নভোথিয়েটারের ডিজিটাল নিরাপত্তা ব্যবস্থা জোরদার করার লক্ষ্যে ১টি আর্চওয়ে, লাগেজ স্ক্যানার, হ্যান্ড মেটাল ডিটেক্টর, মিরর ডিটেক্টর এবং বিভিন্ন স্থানে সিসি ক্যামেরা স্থাপন করা হয়েছে। নিরাপত্তা ব্যবস্থা জোরদার করায় এখানে আগত সকল শ্রেণির মানুষ স্বাচ্ছন্দ্য বোধ করছেন।
- নভোথিয়েটারের কর্মকর্তা/কর্মচারীদের বছরে ৬০ জনবর্ষ্টা প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। প্রশিক্ষণের কারণে কর্মকর্তা-কর্মচারীদের কাজের গুণগত মানের উন্নতি সাধিত হয়েছে।
- নভোথিয়েটারে ওয়াইফাই নেটওয়ার্ক স্থাপন করা হয়েছে। ফলে আগত দর্শনার্থীগণ এর সুফল ভোগ করছেন।

- সুবিধা বঞ্চিত শিশু ও বিশেষ শিশুদের জন্য বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের প্ল্যানেটেরিয়াম প্রদর্শনী বিনামূল্যে প্রদর্শনের ব্যবস্থা করা হয়েছে। ফলে তারা বিনোদনের মাধ্যমে বিজ্ঞান এবং বিজ্ঞানের অজানা রহস্য সম্পর্কে জানতে পারছে।
- বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের কার্যক্রম নিয়ে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানের সাথে মহাপরিচালক মতবিনিয়ম সভা করেন এবং তাদেরকে নভোথিয়েটারে আসার জন্য উদ্বৃক্ত করেন।
- বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের কার্যক্রম বিভিন্ন টেলিভিশনে প্রচারের জন্য বাংলাদেশ চলচ্চিত্র প্রকাশনা অধিদপ্তরের মাধ্যমে একটি ভিডিও তথ্যচিত্র নির্মাণ করা হয়েছে এবং তা নিয়মিত প্রচার করা হচ্ছে। এছাড়া, বিভিন্ন বিজ্ঞাপন, লিফলেট, ব্রোশিয়ার এর মাধ্যমে নভোথিয়েটারের কার্যক্রম প্রচার করা হচ্ছে।
- মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশে বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদেরকে নভোথিয়েটারের প্রদর্শনী উপভোগ করার জন্য বিআরটিসির বাসের মাধ্যমে বিনামূল্যে আনা নেয়া করা হয়।




- সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর শাহাদাত বার্ষিকী উপলক্ষ্যে আগস্ট মাসব্যাপি বিভিন্ন স্কুল-কলেজের ছাত্র-ছাত্রীদেরকে বিআরটিসি বাসের মাধ্যমে বিনা ভাড়ায় নভোথিয়েটারে আনা নেয়া করা হয় এবং বিনা মূল্যে নভোথিয়েটারের প্রদর্শনী দেখানো হয়।



১৫ই আগস্ট জাতীয় শোক দিবস উপলক্ষ্যে মাননীয় মন্ত্রী স্মৃতি ইয়াফেস ওসমান স্কুল-কলেজের ছাত্রছাত্রীদের মাঝে খাবার বিতরণ করেন

- বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার ভবনের গ্রাউন্ড লেভেলের দেয়ালে বাংলাদেশের স্বাধীনতা সংগ্রাম: ১৯৫২-১৯৭১ শিরোনামে মুরাল তৈরি ও শিল্প সমষ্টি কাজ সম্পর্ক করা হয়েছে। আশা করা যাচ্ছে খুব শীঘ্ৰই শুভ উদ্বোধন করা হবে।

- বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় এবং বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের মধ্যে সম্পাদিত ২০১৮-২০১৯ অর্থবছরের APA চুক্তি অনুযায়ী শতভাগ বাস্তবায়ন করা হয়।



বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় এবং বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের মধ্যে APA স্বাক্ষর অনুষ্ঠান

#### ৮.০ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের প্রদর্শনী সংক্রান্ত তথ্য:

শনিবার, রবিবার, সোমবার, মঙ্গলবার ও বৃহস্পতিবার	১ম প্রদর্শনী  Dawn of the Space Age ও “বঙ্গবন্ধুর উপর নির্মিত ডিজিটাল ফিল্ম”	২য় প্রদর্শনী  Mission to Black Hole ও “বঙ্গবন্ধুর উপর নির্মিত ডিজিটাল ফিল্ম”	৩য় প্রদর্শনী  Journey to the stars ও “বঙ্গবন্ধুর উপর নির্মিত ডিজিটাল ফিল্ম”	৪র্থ প্রদর্শনী  Goodnight Goldilocks ও “বঙ্গবন্ধুর উপর নির্মিত ডিজিটাল ফিল্ম”	৫ম প্রদর্শনী  Symphony of the Starry Sky ও “বঙ্গবন্ধুর উপর নির্মিত ডিজিটাল ফিল্ম”	৬ষ্ঠ প্রদর্শনী  Symphony of the Starry Sky ও “বঙ্গবন্ধুর উপর নির্মিত ডিজিটাল ফিল্ম”
প্রদর্শনী শুরুর সময়	সকাল ১০:৩০	দুপুর ১২:০০	বেলা ২:০০	বিকাল ৩:৩০	বিকাল ৫:০০	সক্রান্ত ৬:৩০
টিকিট বিক্রি শুরুর সময়	সকাল ১০:০০	সকাল ১০:৩০	দুপুর ১২:০০ (বেলা ১:০০ থেকে ১:৩০ নামাজের বিরতি)	বেলা ২:০০	বিকাল ৩:৩০	বিকাল ৫:০০
বুধবার	সান্তানিক ছুটি					
শুক্রবার	১ম প্রদর্শনী  Dawn of the Space Age ও “বঙ্গবন্ধুর উপর নির্মিত ডিজিটাল ফিল্ম”	২য় প্রদর্শনী  Mission to Black Hole ও “বঙ্গবন্ধুর উপর নির্মিত ডিজিটাল ফিল্ম”	৩য় প্রদর্শনী  Journey to the stars ও “বঙ্গবন্ধুর উপর নির্মিত ডিজিটাল ফিল্ম”	৪র্থ প্রদর্শনী  Goodnight Goldilocks ও “বঙ্গবন্ধুর উপর নির্মিত ডিজিটাল ফিল্ম”	৫ম প্রদর্শনী  Symphony of the Starry Sky ও “বঙ্গবন্ধুর উপর নির্মিত ডিজিটাল ফিল্ম”	৬ষ্ঠ প্রদর্শনী  Symphony of the Starry Sky ও “বঙ্গবন্ধুর উপর নির্মিত ডিজিটাল ফিল্ম”
প্রদর্শনী শুরুর সময়	সকাল ১০:০০	সকাল ১১:৩০	বেলা ২:৩০	বিকাল ৪:০০	বিকাল ৫:৩০	সক্রান্ত ৭:০০
টিকিট বিক্রি শুরুর সময়	সকাল ৯:৩০	সকাল ১০:০০	সকাল ১১:৩০ (বেলা ১:০০ থেকে ২:০০ নামাজের বিরতি)	বেলা ২:৩০	বিকাল ৪:০০	বিকাল ৫:৩০

- প্লানেটেরিয়াম প্রদর্শনীর টিকেটের মূল্য ১০০/- টাকা।
- 5D Movie Theatre-এর প্রতিটি টিকেটের মূল্য ৫০/- টাকা।
- 5D Interactive Edutainment Simulator-এর প্রতিটি টিকেটের মূল্য ৫০/- টাকা।
- ডিজিটাল ও সায়েন্টিফিক এক্সিবিটস গ্যালারি-এর প্রতিটি টিকেটের মূল্য ৫০/- টাকা।
- রাইড সিমুলেটর-এর প্রতিটি টিকেটের মূল্য ৫০/- টাকা।
- পরমাণু শক্তি তথ্য কেন্দ্র পরিদর্শন (বিনামূল্যে)।
- শিক্ষা প্রতিষ্ঠানের লিখিত আবেদনের প্রেক্ষিতে অগ্রিম টিকেট প্রদান করা হয়।

#### **৯.০ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের উল্লেখযোগ্য অর্জন**

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের ১৯৯৬ সাল হতে ২০০১ পর্যন্ত এবং ২০০৯ সাল হতে ২০১৯ পর্যন্ত উল্লেখযোগ্য অর্জন নিম্নে উল্লেখ করা হলো:

#### **৯.১ ১৯৯৬-২০০১ পর্যন্ত উল্লেখযোগ্য অর্জন**

- বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার শীর্ষক প্রকল্পটি ১৩ মে ১৯৯৭ একনেক কর্তৃক অনুমোদিত হয়।
- মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ৯ ফেব্রুয়ারি ২০০০ সালে প্রকল্প ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন।
- বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারে প্লানেটেরিয়াম যন্ত্রপাতি আমদানি করা হয়।

#### **৯.২ ২০০৯-২০১৯ পর্যন্ত উল্লেখযোগ্য অর্জন**

- বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার আইন, ২০১০ মহান সংসদে পাস হয়।
- বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার প্রকল্পের জনবল ২০১৩ সালে সরাসরি রাজস্ব খাতে স্থানান্তর হয়।
- বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার চাকুরী প্রবিধানমালা, ২০১১ প্রণয়ন করা হয়।
- ২টি Large Format Film সংগ্রহ, একটি Smart Step Floor, Smart Game এবং একটি 5D Interactive Edutainment Simulator সংগ্রহ করা হয়।
- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক জীবন সংগ্রামের ওপর ৩০ মিনিটব্যাগী অত্যাধুনিক ডিজিটাল ব্যবস্থার এবং প্লানেটেরিয়ামের সুবিশাল ডোমে প্রদর্শনযোগ্য একটি ছবি নির্মাণ করা হয়।
- প্লানেটেরিয়ামের বর্তমান অপটো-মেকানিক্যাল সিস্টেমের আপগ্রেডেশন ও ডিজিটাল ব্যবস্থা প্রবর্তনের মাধ্যম হাইড্রোলিক সিস্টেমে রূপান্তর করা হয়।
- বিজ্ঞানভিত্তিক জ্ঞান আহরণের জন্য ১৪টি সাইন্টিফিক এক্সিবিট, ১৬টি ডিজিটাল এক্সিবিট এবং ৪০ সিটের 5D Movie Theatre স্থাপন করা হয়।
- ই-টিকেটিং, মেসেজ ডিসপ্লে বোর্ড এবং এক্সেস চালু করা হয়েছে।
- পরমাণবিক বিদ্যুৎ বিষয়ে তথ্য জানানোর জন্য পরমাণু শক্তি তথ্য কেন্দ্র স্থাপন করা হয়েছে।
- বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারে ৮ জন কর্মচারী নিয়োগ করা হয়েছে।
- বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার, রাজশাহী প্রকল্প একনেক কর্তৃক অনুমোদিত হয়।
- বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার, বরিশাল প্রকল্পটি শীত্রিহাই একনেক সভায় অনুমোদিত হবে।

#### **১০.০ ভবিষ্যৎ কর্মপরিকল্পনা**

২০২১ সালের মধ্যে মধ্যম আয়ের দেশে উন্নীত হওয়া, ২০৩০ সালের মধ্যে SDG অর্জন এবং ২০৪১ সালের মধ্যে উন্নত ও সমৃদ্ধ দেশ গঠনে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার কর্তৃত গৃহীত ভবিষ্যৎ কর্মপরিকল্পনা নিম্নে উল্লেখ করা হলো:

## ১০.১ ২০২১ সালের মধ্যে মধ্যম আয়োর দেশে উন্নীত হওয়ার জন্য গৃহীত কর্মপরিকল্পনা

- ২০২০ সালের মধ্যে
  - মহাকাশ বিজ্ঞান শিক্ষায় সম্প্রসরণমূলক বহিঃপা ক্রম যেমন: শিক্ষা প্রতিষ্ঠান ও শিক্ষার্থী পর্যায়ে সেমিনার, ওয়ার্কশপ, সিস্পোজিয়াম ইত্যাদি আয়োজন;
  - বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার সম্পর্কে জনগণকে আরও আগ্রহী করে গড়ে তোলার জন্য নভোথিয়েটারের ওপর ডকুমেন্টারি তৈরি করে বিভিন্ন ইলেক্ট্রনিক মিডিয়ায় তা প্রচারের ব্যবস্থাকরণ।
  - বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার, রাজশাহী শীর্ষক প্রকল্পটি সমাপ্ত হবে।
- ২০২১ সালের মধ্যে
  - বরিশাল বিভাগে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার স্থাপন প্রকল্পটি বাস্তবায়ন;
  - খুলনা বিভাগে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার স্থাপন প্রকল্পটি বাস্তবায়ন;
  - রংপুর বিভাগে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার স্থাপন প্রকল্পটি বাস্তবায়ন;
  - চট্টগ্রাম বিভাগে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার স্থাপন প্রকল্পটি বাস্তবায়ন;
  - বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারে দর্শনার্থীর সংখ্যা ৩ লাখে উন্নীতকরণ।
  - দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানকে পর্যায়ক্রমে আধুনিক জ্যোতির্বিজ্ঞান এবং মহাকাশবিষয়ক সম্যক ধারণা ও বিজ্ঞানের নব নব আবিষ্কারের সাথে পরিচিতকরণ; এবং
  - নির্ধারিত সময় পর পর যুগেপযোগী ও আধুনিক প্রদর্শনী বস্তু সংগ্রহকরণ।

## ১০.২ ২০৩০ সালে SDG অর্জনের লক্ষ্যে গৃহীত কর্মপরিকল্পনা

- ২০২২ সালের মধ্যে রংপুর বিভাগে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার স্থাপন প্রকল্প বাস্তবায়ন;
- ২০২৩ সালের মধ্যে
  - সিলেট বিভাগে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার স্থাপন প্রকল্প বাস্তবায়ন;
  - বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের অভ্যন্তরে আরও নতুন নতুন Exhibits স্থাপনের জন্য কর্মসূচি প্রণয়ন।
- ২০২৫ সালের মধ্যে
  - ময়মনসিংহ বিভাগে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার স্থাপন প্রকল্প বাস্তবায়ন;
  - ঢাকাসহ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারকে আরো আধুনিকায়ন করার লক্ষ্যে “বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার আধুনিকায়ন শীর্ষক” প্রকল্প বাস্তবায়ন।

## ১০.৩ ২০৪১ সালের মধ্যে উন্নত ও সমৃক্ষ দেশ গঠনে গৃহীত কর্মপরিকল্পনা

- ২০৪১ সালের মধ্যে
  - সরকারের বৃপক্ষ বাস্তবায়নের লক্ষ্যে দেশের সকল নাগরিক বিশেষত ছাত্র সমাজকে বিজ্ঞানমনস্ক হিসেবে গড়ে তোলার জন্য গোপালগঞ্জ, ফরিদপুর, টাঙ্গাইল, নোয়াখালী, কুমিল্লা, কক্সবাজার, পটুয়াখালী, যশোর, কুষ্টিয়া, পাবনা, বগুড়া ও দিনাজপুর জেলায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার স্থাপনের জন্য প্রকল্প বাস্তবায়ন করা হবে;
  - বাংলাদেশের সকল স্কুল, কলেজ, মাদ্রাসা, বিশ্ববিদ্যালয়, ভোকেশনাল প্রতিষ্ঠানসহ ত্বরিত পর্যায়ের সকল শিক্ষার্থীকে মহাকাশ বিষয়ে সম্যক ধারণা প্রদান।

## ১১.০ সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ

বিনোদনের মাধ্যমে বিজ্ঞান শিক্ষার ক্ষেত্রে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারকে আরো আকর্ষণীয় এবং যুগেপযোগী করে গড়ে তোলা এবং দেশের অনানুষ্ঠানিক বিজ্ঞান শিক্ষার ক্ষেত্রে নভোথিয়েটারকে Center of excellence হিসাবে গড়ে তোলার লক্ষ্যে নভোথিয়েটারে আরো নতুন নতুন এবং অত্যাধুনিক বিজ্ঞান চর্চার বিষয় স্থাপন।